আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ

fatwaa.or
g

উচ্চতর ইসলামী আইন

গবেষণা বিভাগ

اللجنة الشرعية

للدعوة والنصرة

জেলখানার রান্নাঘরের কর্মীদের থেকে তেল, সবজি ইত্যাদি ক্রয় করার হুকুম কি?
আমার এক ভাই মিথ্যা মামলায় বর্তমানে জেলে আছেন। তিনি কয়েকটি মাসআলা জানতে চেয়েছেন;
প্রশ্ন-১
জেলখানার রান্নাঘরের একজন ইনচার্জ আছে। সে জেলসুপারকে মোটা অংকের টাকা দিয়ে ছয়-সাত মাসের জন্য ইনচার্জ হয়। মাসে মাসে তাকে আরও টাকা দিতে হয়। সেই ইনচার্জ মাঝে মধ্যে রান্নাঘরের তেল, সবজি ইত্যাদি চুরি করে সাধারণ কয়েদিদের কাছে বিক্রি করে। জানার বিষয় হল, তার কাছ থেকে তা কেনা কি জায়েয হবে?
প্রশ্ন-২
যেসব কয়েদি রান্নাঘরে কিংবা গোডাউনে কাজ করে, জেল কর্তৃ্পক্ষ তাদেরকে দৈনিক কিছু তেল, সবজি ইত্যাদি দিয়ে থাকে। যা তাদের অনেকেই অন্যদের কাছে বিক্রি করে দেয়। এগুলো তাদের কাছ থেকে কেনা কি জায়েয হবে?
প্রশ্ন-৩

c„ôv | 1

ফাতওয়া নাম্বার:2 ৪ 8

আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ

fatwaa.or
g

উচ্চতর ইসলামী আইন

গবেষণা বিভাগ

اللجنة الشرعية

للدعوة والنصرة

জেলখানায় আমাদের প্রাপ্য কোনো সুবিধা নিতে হলেও রুমের ইনচার্জকে এবং বড় সাহেবকে মাসে মাসে টাকা দিতে হয়। এটা দেয়া কি জায়েয হবে? প্রশ্নকারী- মুহাম্মাদ মাহী
উত্তর:
এক:
জেলের রান্নাঘর থেকে ইনচার্জের চুরি করা তেল, সবজি ইত্যাদি কেনা যাবে না। এটা বন্দীদের হক্ব নষ্টে সহযোগিতার শামিল।
দুই:
আপনি যদিও বলেছেন, 'যেসব কয়েদি রান্নাঘরে কিংবা গোডাউনে কাজ করে, জেল কর্তৃ্পক্ষ তাদেরকে দৈনিক কিছু তেল, সবজি ইত্যাদি দিয়ে থাকে'। কিন্তু ভিন্ন সূত্রে আমাদের হাতে কিছু ব্যতিক্রম তথ্য এসেছে। তবে সঠিক তথ্য সংগ্রহের জন্য বেশ চেষ্টা করেও শতভাগ নির্ভরযোগ্য সূত্র থেকে তা যাচাই করা সম্ভবপর হয়নি। একাধিক সূত্র থেকে যে তথ্য পেয়েছি, তা হল, সুইপার ব্যতীত সেখানে কর্মরতদের কাউকেই পারিশ্রমিক হিসেবে কোনো তেল সবজি দেয়া হয় না। সবই তারা সম্পূর্ণ চুরি করে বিক্রি করে। বাস্তবিক যদি তা-ই হয়, তাহলে এগুলোও তাদের থেকে ক্রয় করা জায়েয হবে না।

c„ôv | 2

আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ

fatwaa.or
g

উচ্চতর ইসলামী আইন

গবেষণা বিভাগ

اللجنة الشرعية

للدعوة والنصرة

তিন:
ঘুষ নেয়া-দেয়া শরীয়তে হারাম। তবে যদি ঘুষ দেয়া ছাড়া নিজের বৈধ অধিকার লাভ করা সম্ভবপর না হয়, তাহলে অধিকার আদায়ের জন্য ঘুষ দেয়া জায়েয; যদিও গ্রহণকারীর জন্য তা সর্বাবস্থায়ই হারাম। সুতরাং যে মানের খাবার এবং আত্মীয়-স্বজনের সঙ্গে যোগাযোগের যে অধিকার আপনার প্রাপ্য, তা যদি ঘুষ প্রদান করা ব্যতীত না পাওয়া যায়, তাহলে আপনি ঘুষ দিতে পারবেন। এ বিষয়ে আরও জানতে নিম্মোক্ত ফতোয়া দুটি দেখুন।
ঘুষ দিয়ে চাকরি নেওয়ার হুকুম কী? লিংক:
https://fatwaa.org/2020/12/19/1993/জুলুম থেকে বাঁচার জন্য ঘুষ প্রদান করার হুকুম কী? লিংক: https://fatwaa.org/2021/03/28/2206/

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)
.২৭-০৮-১৪৪৩ হি
.৩১-০৩-২০২২ ঈ

c„ôv | 3